431

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 1 ... 1999... ...
পৃষ্ঠা ২ কলাম ৪ ..

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৪টি হলে কম্পিউটার লেবরেটরী হইতেছে

আনোয়ার আলদীন ॥ ছাত্র-ছাত্রীদের কম্পিউটারে দক্ষ করিবার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৪টি আবাসিক হলে ১৪টি ল্যাবরেটরীতে। শিক্ষা মন্ত্রণালয়, জ্বালানি মন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের কম্পিউটার ল্যাবরেটরী স্থাপন করা হইবে। ৬ হইতে ২০টি কম্পিউটার থাকিবে প্রতিটি

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

অর্থায়নে শীঘ্রই এই ল্যাবরেটরী স্থাপনের কাজ শুরু হইবে। ছাত্র-ছাত্রীরা এই ল্যাবে কম্পিউটারে প্রশিক্ষণ গ্রহণ করিবে। পরিকল্পনা অনুযায়ী চলতি শিক্ষাবর্ষের শুরুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল, বিভাগ ও প্রশাসনিক দফতরে কম্পিউটারের সংখ্যা ১ হাজারে উন্নীত হইবে।

**শুরু হইতেছে একাডেমিক অডিট**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ যুগ পর চলতি শিক্ষাবর্ষ হইতে একাডেমিক অডিট শুরু হইবে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২৮টি বিষয়ের প্রশ্ন সম্বলিত অডিট পেপার প্রতিটি বিভাগ ও ইন্সটিটিউটে প্রেরণ করিয়াছে। ইহাতে শিক্ষকদের একাডেমিক বিষয়ে প্রধানত নিরীক্ষণ হইবে। একজন শিক্ষক তাহার উপর অর্পিত ক্লাসসমূহের মধ্যে কতগুলি ক্লাস নিলেন এবং মিস করিলেন, শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের সহিত কেমন ব্যবহার করিলেন, সহশিক্ষা কার্যক্রমে তাহাদের ভূমিকা কতটুকু, বাহিরে কনসালটেন্সি করেন কি-না, শিক্ষকদের প্রকাশনার কি হালসহ ২৮টি বিষয়ে সারা বছর নিরীক্ষণ চালান হইবে। প্রতিটি শিক্ষকের উপর এই অডিট শেষে রিপোর্টের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যবস্থা নিবেন। ভাল রিপোর্টের জন্য শিক্ষকদের জন্য থাকিবে পুরস্কার এবং খারাপ রিপোর্টের জন্য প্রথমে সতর্ক করিয়া দেওয়া হইবে। পরবর্তীতে অবস্থার উন্নতি না হইলে ব্যবস্থা গৃহীত হইবে।

**১০ জন তরুণ শিক্ষককে বিদেশে প্রেরণ করা হইতেছে**

শিক্ষকতায় উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১০ জন তরুণ শিক্ষককে শীঘ্রই বিদেশে প্রেরণ করিবেন। ভিসি প্রফেসর আজাদ চৌধুরী জানান, এই শিক্ষকদের মাথাপিছু ১০ হইতে ২০ লক্ষ টাকা করিয়া দেওয়া হইবে। ইহাছাড়া নূতন শিক্ষকদের জন্য ওরিয়েন্টেশনের আয়োজন করা হইবে।

**আজ হইতে গ্রীষ্মকালীন ছুটি**

আজ (মঙ্গলবার) হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে একমাসব্যাপী গ্রীষ্মকালীন ছুটি শুরু হইবে। ১লা জুলাই বিশ্ববিদ্যালয় খুলিবে। তবে এই বন্ধের সময়ে বিশ্ববিদ্যালয় লাইব্রেরী এবং প্রশাসনিক অফিস ও কর্মকাণ্ড চলিবে।

**এমএ, এমএসএস পরীক্ষা আগস্টে**

আগামী জুলাইয়ের প্রথম সপ্তাহ হইতে অনুষ্ঠিতব্য এমএ, এমএসএস পরীক্ষা ছাত্রদের আন্দোলনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ ১লা আগস্ট হইতে শুরু করার সিদ্ধান্ত নিয়াছে।